# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

## বাংলাদেশ নৌ বাহিনী

**Website: www.khulnashipyard.gov.bd, Email: oiccoml.ksy@gmail.com**

| | |
|---|---|
| টেন্ডার নং | ঃ বাবি-২৯/০১/২৬-২৭ |
| তারিখ | ঃ ০১-১০-২৬ |
| খোলার তারিখ | ঃ ০৫-১০-২৬ |
| বেলা | ঃ ১১-৩০ ঘটিকা |

..........................
..........................
..........................

প্রিয় মহোদয়গণ,

**বিষয়ঃ টাগবোট-২ (নঃনিঃ ৭৮৭) এর মেইন ইঞ্জিন, হাইড্রোলিক উইন্স, সুপারস্ট্রাকচার উত্তোলন এবং জাহাজে স্থাপনের জন্য সাবকন্ট্রাক্ট ভিত্তিতে উচ্চ ক্ষমতা সম্পন্ন ০১ (এক)টি মোবাইল ক্রেন ভাড়া করার দরপত্র আহ্বান প্রসঙ্গে।**

ক। বিষয়োক্ত কাজের জন্য আপনাদের প্রতিষ্ঠানের নিকট দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত দরপত্র ডাকযোগে/ সরাসরি সীলমোহরকৃত বন্ধ খামে অথবা ই-মেইল যোগে (oiccoml.ksy@gmail.com) নির্ধারিত সময়ের মধ্যে (সকাল ১১.১৫ মিঃ) খুশিলি প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে ফেলতে হবে। উক্ত দিন সকাল ১১.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র সমূহ খোলা হবে। মূল্য তালিকা অবশ্যই নিম্নে বর্ণিত শর্তাবলী অনুযায়ী হতে হবে।

| ক্রঃ নংঃ | কাজের পরিধি এবং মোবাইল ক্রেনের বিবরণ | মোট মূল্য |
|---|---|---|
| ১। | **ক.** টাগবোট-২ (নঃনিঃ ৭৮৭) এর ০২টি মেইন ইঞ্জিন, ০২টি হাইড্রোলিক উইন্স এবং ০১টি সুপারস্ট্রাকচার ব্লক শিফটিং/ পজিশনিং, উত্তোলন এবং খুশিলির জেটিতে অবস্থানরত জাহাজে স্থাপন করতে হবে।<br>**খ.** প্রয়োজনীয় মোবাইল ক্রেন খুশিলির কংক্রিট জেটিতে স্থাপন করে কার্য সম্পন্ন করতে হবে। উক্ত জেটির সাইজঃ দৈর্ঘ্য ১২ মিটার এবং প্রস্থ ৮.৬ মিটার। টাগবোটের দৈর্ঘ্য ৩৭.৭ মিটার এবং প্রস্থ ১১ মিটার।<br>**গ. উত্তোলনযোগ্য মালামালের বিবরণঃ**<br>১) মেইন ইঞ্জিন, ১৬ টন করে ০২টি। (জেটির রিভার সাইডের শেষ প্রান্তের সেন্টার হতে ঝুলন্ত লোডের সেন্টার পর্যন্ত আনুভূমিক দুরত্ব ১১ মিটার)।<br>২) এ্যাংকর টোয়িং উইন্স ফরওয়ার্ড, ৮.৬ টন। (জেটির রিভার সাইডের শেষ প্রান্তের সেন্টার হতে ঝুলন্ত লোডের সেন্টার পর্যন্ত আনুভূমিক দুরত্ব ১৭ মিটার)।<br>৩) টোয়িং উইন্স আফট, ১০ টন। (জেটির রিভার সাইডের শেষ প্রান্তের সেন্টার হতে ঝুলন্ত লোডের সেন্টার পর্যন্ত আনুভমিক দূরত্ব ১২ মিটার)।<br>৪) সুপারস্ট্রাকচার, ব্লক 6A (দৈর্ঘ্য- ৯.৫ মিঃ, প্রস্থ- ৯ মিঃ, উচ্চতা- ২.৭ মিঃ), ১৫.৫ টন। (জেটির রিভার সাইডের শেষ প্রান্তের সেন্টার হতে ঝুলন্ত লোডের সেন্টার পর্যন্ত আনুভূমিক দুরত্ব ১৩ মিটার)।<br>উল্লেখ্য, উপরোক্ত পরিমাপের সহিত ক্রেনের সেন্টার অফ রোটেশন থেকে ক্রেন বডির শেষ প্রান্তের দূরত্ব সংযুক্ত করে ক্রেনের ওয়ার্কিং রেডিয়াস নির্ধারন করতে হবে। এক্ষেত্রে ঠিকাদার কর্তৃক টেন্ডারে অংশগ্রহনের পূর্বে প্রয়োজনে সরেজমিনে কার্যস্থল পরিদর্শন করতে পারবে।<br>**ঘ. দর ও সময়সীমাঃ** উপরোক্ত চারটি কাজের বিপরীতে মূল্যমান নির্ধারণ হবে। তবে কাজসমূহ করতে ০২ (দুই) দিনের অতিরিক্ত সময় অতিবাহিত করা হবে না।<br>**ঙ. প্রয়োজনীয় মোবাইল ক্রেনের নূন্যতম কারিগরি চাহিদা ও অন্যান্য তথ্যাদিঃ**<br>১) **ক্রেন টাইপঃ** মোবাইল ক্রেন।<br>২) **ক্রেনের সক্ষমতাঃ** বর্ণিত মালামাল উত্তোলনের সক্ষমতা সম্পন্ন হতে হবে (সক্ষমতা দরপত্রে আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে)।<br>৩) **Maximum safe working radiusঃ** দরপত্রে উল্লেখ করতে হবে।<br>৪) **প্রস্তুতকারকঃ** Tadano Faun/ Kato/ Liebherr অথবা সমমানের আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রস্তুতকারক (দরপত্রে উল্লেখ করতে হবে)।<br>৫) **ক্রেনের ব্র্যান্ড ও মডেলঃ** দরপত্রে উল্লেখ করতে হবে।<br>৬) **ক্রেন প্রস্তুতের সালঃ** দরপত্রে উল্লেখ করতে হবে।<br>৭) **Boom lengthঃ** দরপত্রে উল্লেখ করতে হবে (বর্ণিত মালামাল উত্তোলনে সক্ষম)।<br>৮) **ক্রেনের ম্যাক্সিমাম লিফটিং হাইটঃ** দরপত্রে উল্লেখ করতে হবে।<br>৯) **ডকুমেন্টঃ** ক্রেনের লোড চার্ট, ফিটনেস সনদ ও ক্রেন চালকের বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ সকল প্রয়োজনীয় ডকুমেন্টস দরপত্রের সহিত দাখিল করতে হবে।<br>(উপযুক্ত সনদধারী ক্রেন অপারেটর, সিগন্যাল ম্যান/ রিগার, mobilization/ demobilization, ফুয়েল এবং সংশ্লিষ্ট প্রয়োজনীয় আনুষঙ্গিক কাজ সংশ্লিষ্ট খরচ ঠিকাদার বহন করবেন। কাউন্টারওয়েট লোডিং-আনলোডিং এর জন্য খুশিলির ক্রেন সহায়তা প্রয়োজন সাপেক্ষে প্রদান করা হবে। কার্যাদেশ | **টাকা**<br><br>১) ক্রেন টাইপঃ<br><br>২) ক্রেনের সক্ষমতাঃ<br><br>৩) Maximum safe working radius:<br><br>৪) প্রস্তুতকারকঃ<br><br>৫) ক্রেনের ব্র্যান্ড ও মডেলঃ<br><br>৬) ক্রেন প্রস্তুতের সালঃ<br><br>৭) Boom lengthঃ<br><br>৮) ক্রেনের ম্যাক্সিমাম লিফটিং হাইটঃ<br><br>৯) ডকুমেন্টঃ |

| ক্রঃ নংঃ | কাজের পরিধি এবং মোবাইল ক্রেনের বিবরণ | মোট মূল্য |
|---|---|---|
| | প্রদান ও খুশিলি হতে কাজ শুরুর তারিখ চুড়ান্ত ভাবে জানানোর ০৩ দিনের মধ্যে উক্ত ক্রেনটি খুশিলিতে আনতে হবে।) | |
| | **সর্বমোট** | **টাকা** |

খ। **শর্তাবলীঃ**

১. উক্ত কাজের জন্য কোন প্রকার অগ্রীম প্রদান করা হবে না।

২. কাজ শুরু করার পূর্বে উল্লেখিত ক্রেন এর লোডচার্টসহ ফিটনেস সার্টিফিকেট খুশিলির ওআইসি (ডকিং) এর নিকট দাখিল করতঃ অনুমোদন নিতে হবে।

৩. ক্রেন চালানোর জন্য প্রয়োজনীয় Fuel Oil এবং Lub Oil সহ অন্যান্য সকল প্রয়োজনীয় দ্রব্যাদি ও খরচ ঠিকাদার সরবরাহ করবে।

৪. যদি কোন ত্রুটি অথবা সরবরাহকারীর কোন অসুবিধার জন্য ক্রেন কার্য অনুপযোগী হলে সরবরাহকারীর নিজ উদ্যোগে অতি দ্রুত কার্য উপযোগী করতে হবে। যদি কোন কারণে কাজের ক্ষতি হয় সেক্ষেত্রে উপযুক্ত ক্ষতিপূরণ সরবরাহকারী খুশিলিকে দিতে বাধ্য থাকবে। খুশিলির প্রয়োজন অনুযায়ী শুক্র/ শনিবার অথবা যেকোন সরকারি ছুটির দিনে কাজ করার জন্য প্রস্তুত থাকতে হবে।

৫. ক্রেন চালানোর জন্য প্রয়োজনীয় ড্রাইভার, হেল্পার যদি প্রয়োজন হয় এর বেতন, ওভারটাইম ও আবাসন ব্যবস্থাদি সরবরাহকারী নিজ ব্যবস্থাপনায় সম্পন্ন করবেন এবং এতদঃ সংক্রান্ত বিল পরিশোধ করবেন।

৬. উক্ত পরিবহন ও উত্তোলন কাজে ঠিকাদারী প্রতিষ্ঠানকে প্রয়োজনবোধে খুশিলি স্লিপওয়ে-ক্যারেজ ব্যবহারের সুযোগ প্রদান করবে।

৭. দর প্রস্তাবের সাথে দাখিলকৃত মোট মূল্যের ৩% আর্নেস্টমানি পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রদান করতে হবে (তালিকাভূক্ত ঠিকাদার ব্যতীত)।

৮. মালামাল পরিবহনের সময় যাতে কোন ভাবে নষ্ট না হয় তার প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবে। পরিবহনের সময় মালামালে কোন ক্ষয়-ক্ষতি হলে ঠিকাদারকে উহার ক্ষতিপূরণ বহন করতে হবে।

৯. ঠিকাদারের কোন শ্রমিক যদি শিপইয়ার্ডের কোন মালামালের ক্ষতি করে, তবে তাহার ক্ষতি পূরণ ঠিকাদারকে বহন করতে হবে এবং কার্যকালীন সময় কোন প্রকার দূর্ঘটনা অথবা দূর্ঘটনাজনিত কারনে ঠিকাদারের কোন শ্রমিক আহত বা মৃত্যুর জন্য খুশিলি কর্তৃপক্ষ দায়ী থাকবে না। শিপইয়ার্ডের ভিতরে কাজে নিয়োজিত থাকা কালীন সময়ে ঠিকাদারের শ্রমিকদেরকে শিপইয়ার্ডের আইন কানুন মেনে চলতে হবে।

১০. ঠিকাদারকে অবশ্যই ওআইসি (ডকিং) এর নির্দেশনা/ পরামর্শ/ সরেজমিনে পরিদর্শন সাপেক্ষে কাজের বিষয়ে স্বচ্ছ ধারণা গ্রহণ করতঃ দর প্রদান করতে হবে।

১১. কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার কাজ করতে ব্যর্থ হলে, খুশিলি কার্যাদেশ বাতিল করে বিকল্প কোন পন্থায় কাজ সম্পন্ন করতে পারে এবং এক্ষেত্রে অতিরিক্ত খরচ (Difference of Cost) ১ম কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারের বিল/ জামানত হতে কর্তন করা হবে।

১২. উক্ত দরের মধ্যে অবশ্যই ভ্যাট ও ট্যাক্স অন্তর্ভূক্ত থাকতে হবে এবং উক্ত কাজের জন্য কোন পার্ট বিল প্রদান করা হবে না।

১৩. উল্লেখিত কার্যসমূহ সন্তোষজনকভাবে সম্পন্নের পর বিল (ব্যাংক একাউন্ট নম্বর, ব্যাংকের নাম ও শাখাসহ) দাখিল করতে হবে এবং বিলের মূল কপিতে খুশিলির ওআইসি (ডকিং), ডিজিএম (ইঞ্জিনিয়ারিং) ও জিএম (প্রোডাকশন) কর্তৃক সার্টিফাইড করতে হবে। খুশিলির বিধি অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

১৪. খুশিলি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

এম এম খায়রুল আলম
উর্ধ্বতন বানিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

**টেন্ডার কমিটির স্বাক্ষরঃ**

**বানিজ্যিক শাখা** | **হিসাবরক্ষন বিভাগ** | **ব্যবহারকারী**

আমরা উপরে বর্ণিত সমস্ত শর্তাবলী মেনে নিলাম।

ঠিকাদারের স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
টিআইএন নং-